# ভক্তদের জন্য বড় চমকের ইঙ্গিত দিলেন বাংলা সিনেমার মেগাস্টার শাকিব খান



সংগৃহীত ছবি

চলতি বছরের দুই ঈদে মুক্তিপ্রাপ্ত ব্লকবাস্টার সিনেমা ‘বরবাদ’ ও ‘তাণ্ডব’-এর সাফল্যের পর ছুটির আমেজে রয়েছেন ঢালিউডের মেগাস্টার শাকিব খান। প্রায় এক মাস ধরে তিনি অবস্থান করছেন যুক্তরাষ্ট্রে। শুরু থেকেই এই সফরকে ঘিরে ভক্তদের মধ্যে ছিল প্রবল কৌতূহল। অনেকে ধারণা করেছিলেন, হয়তো নতুন কোনো প্রজেক্ট বা আন্তর্জাতিক কোনো সিনেমার কাজে উড়াল দিয়েছেন তিনি।

তবে সফরের শুরুর দিকে সিনেমা প্রসঙ্গে কোনো আনুষ্ঠানিক ঘোষণা আসেনি। বরং তাকে দেখা গেছে প্রাক্তন স্ত্রী বুবলী ও ছেলে শেহজাদ খান বীরের সঙ্গে সময় কাটাতে। যুক্তরাষ্ট্রের বিভিন্ন স্থানে ঘুরে বেড়ানোর বেশ কিছু ছবি সামাজিক যোগাযোগমাধ্যমে শেয়ার করেছেন বুবলী। এতে শাকিবের ব্যক্তিগত জীবন নিয়েও শুরু হয় আলোচনার ঝড়।

তবে এবার জানা গেল, এই সফর কেবল অবকাশ যাপন বা পারিবারিক সময় কাটানোর জন্য নয়। শুক্রবার নিজের ফেসবুক স্টোরিতে শাকিব খান লেখেন—

“বড় পর্দার জন্য বড় বড় স্বপ্ন নিয়ে দিনের পর দিন ছুটোছুটি চলছে। এই সময়ের নীরবতা মানে কোনো শূন্যতা নয়; বরং এটি এমন একটি মুহূর্ত, যা চুপচাপ রয়েছে বড় কিছু ঘটার অপেক্ষায়।”

তিনি আরও উল্লেখ করেন—

“খুব শিগগিরই এমন কিছু নিয়ে ফিরছি, যা থাকবে সাহসী, স্মরণীয় ও আইকনিক।”

তার এই বক্তব্য ভক্তদের কাছে স্পষ্ট ইঙ্গিত দিচ্ছে যে, নতুন কোনো প্রজেক্টে কাজ শুরু করতে যাচ্ছেন তিনি, যা হবে বিশেষ চমক।

এদিকে শোনা যাচ্ছে, চলতি মাসের শেষেই দেশে ফিরবেন শাকিব খান। আগামী সেপ্টেম্বর থেকে বিজ্ঞাপন নির্মাতা সাকিব ফাহাদের পরিচালনায় নতুন একটি সিনেমার শুটিং শুরু করার পরিকল্পনা রয়েছে তার। সিনেমাটি মুক্তি পেতে পারে চলতি বছরের ডিসেম্বরে।